# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মোবাইল ঃ
অফিস ঃ ০২-২২২২৩০০৪০-৪২

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)'র দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone : 02-222230040-42
Office :02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২১-৫৭ তারিখঃ ১০-০৬-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

ঢাকা শহরের চারপাশের নদীগুলোর দখল, দূষণরোধ এবং নাব্যতা বৃদ্ধির লক্ষ্যে বেইজ লাইন স্টাডির নিমিত্ত বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি গবেষণা গ্রুপ গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা। | টিম লিডার |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জাতীয় নদী রক্ষা কমিশন এর একজন উপযুক্ত প্রতিনিধি । | সদস্য |
| ৭। | পরিবেশ অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি । | সদস্য |
| ৮। | বিআইডব্লিউটিএ এর একজন উপযুক্ত প্রতিনিধি । | সদস্য |
| ৯। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি । | সদস্য |
| ১০। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি । | সদস্য |
| ১১। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ১২। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) ঢাকা শহরের চারপাশের নদীগুলো পুনরুদ্ধার, দূষণরোধ এবং নাব্যতা বৃদ্ধির লক্ষ্যে ইতোপূর্বে প্রণয়নকৃত বিভিন্ন Study Report/ অনুসন্ধানসমূহ পর্যালোচনা করে সংশ্লিষ্ট সুপারিশসমূহ পর্যালোচনাপূর্বক একত্রিত করবেন;

খ) বিভিন্ন উৎস হতে নদীর অবৈধ দখল, দূষণ, নাব্যতা ও জলযান সম্পর্কিত আনুষাঙ্গিক তথ্য-উপাত্ত সংগ্রহ করবেন;

গ) নদী দূষণে প্লাস্টিক বর্জ্য, গৃহস্থালি বর্জ্য, মেডিকেল বর্জ্য, কলকারখানা বর্জ্য, ট্যানারি বর্জ্য ইত্যাদি Point Source ও Non-point Source চিহ্নিত করবেন;

ঘ) নদী দূষণ ও অবৈধ দখল রোধকল্পে সচেতনতা বৃদ্ধির জন্য সরকারী নীতিমালা ও সুপারিশসমূহ পর্যালোচনাপূর্বক একত্রিত করবেন;

ঙ) শিল্পকারখানার মালিক, স্থানীয় জনগণ এবং অন্যান্য অংশীজনদের সাথে আলোচনার মাধ্যমে তাদের মতামত ও পরামর্শ সংগ্রহ করবেন;

চ) ঢাকা শহরের চারপাশের নদীগুলোর সীমানা রেখা (সিএস ও আরএস ম্যাপ অনুযায়ী জিপিএস ব্যবহার করে) নির্ধারণ করতঃ বিভিন্ন মহলের ভূমি ব্যবহার নিশ্চিতকরণ বা নিশ্চিতকরণের সুপারিশমালা প্রণয়ন করবেন;

ছ) ঢাকার আশেপাশের নদী ও খাল সমূহের মধ্যে পুনঃসংযোগ/কানেকটিভিটি বৃদ্ধি ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে নদী ও খালসমূহের পূর্বের এলাইনমেন্ট ও বর্তমান অবস্থার ম্যাপ তৈরী করবেন;

জ) প্লাবনভূমির সীমানা নির্ধারণ ও সংরক্ষণের জন্য সরকারী নীতিমালা প্রতিপালন হচ্ছে কিনা তা নির্ধারণ করবেন;

ঝ) প্রয়োজনে তথ্য উপাত্ত সংগ্রহের নিমিত্ত সমন্বিত প্রযুক্তি নির্ভর গবেষণা/সমীক্ষা গ্রহণ/গ্রহণের প্রস্তাব পেশ করবেন।

২। গবেষণা গ্রুপ সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন এবং

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১০/৬/২১

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

<u>বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):</u>

১। প্রধান প্রকৌশলী, পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা।
৬। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৭। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৯। প্রধান নির্বাহী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
১০। প্রধান নির্বাহী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
১১। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
১২। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):</u>

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৩-৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ ইস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।